

## ঘন কুয়াশা: ঢাকায় নামতে না পেরে ফ্লাইট গেল ভুটান

- A Monitor Desk Report

Date: 23 January, 2024



ঢাকা: ঘন কুয়াশায় গত কয়েকদিন ধরে ঢাকায় ফ্লাইট বিপর্যয় ঘটছে। সোমবার (২২ জানুয়ারি) একটি ফ্লাইট ঢাকায় অবতরণ করতে না পেরে ভুটানে নেমেছে।

ব্যাংকক থেকে ছেড়ে আসা ফ্লাইটটির ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণের কথা ছিল। কিন্তু ঘন কুয়াশার কারণে সেটি ভুটানের পারো বিমানবন্দরে অবতরণ করেছে। এছাড়া ১০টি ফ্লাইটের শিডিউল বিপর্যয় ঘটেছে একই দিনে।

শাহজালাল বিমানবন্দর সূত্র সোমবার সকালে এ তথ্য জানায়।

সূত্রটি জানায়, সকাল সাড়ে ৭টায় দুক এয়ারের ফ্লাইটটি ঢাকার উদ্দেশে ছেড়ে আসে। কিন্তু ঘন কুয়াশায় ফ্লাইটটি ঢাকায় অবতরণ না করে সকাল ৯টা ১০ মিনিটে অবতরণ করে ভুটানে।

এদিকে ঘন কুয়াশাসহ বিভিন্ন কারণে শাহজালাল বিমানবন্দরগামী ১০টি আন্তর্জাতিক ফ্লাইটের শিডিউল বিপর্যয় ঘটেছে। বিভিন্ন এয়ারলাইনসের কুয়ালালামপুর, গুয়াংজু, দুবাই, শারজাহ, দোহা, সিঙ্গাপুর থেকে আসা এসব ফ্লাইট ১ থেকে ৮ ঘণ্টা পর্যন্ত দেরিতে অবতরণ করেছে।

-B